



# জনসংযোগ অফিস

## বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রেস-রিলিজ

তারিখঃ ১৩/০২/২০১৯খ্রি:

### ববির লোক প্রশাসন বিভাগের প্রতিষ্ঠাবার্ষিকী উদ্ঘাপন

অদ্য ১৩ ফেব্রুয়ারি ২০১৯ বরিশাল বিশ্ববিদ্যালয়ের লোক প্রশাসন বিভাগের ৫ম প্রতিষ্ঠাবার্ষিকী উদ্ঘাপিত হয়েছে। কেক কেটে দিনব্যাপী এ আয়োজনের উদ্বোধন করেন মাননীয় উপাচার্য বিশিষ্ট শিক্ষাবিদ প্রফেসর ড. এস এম ইমামুল হক। দিবসটি উপলক্ষে লোক প্রশাসন বিভাগের উদ্যোগে এক বর্ণাত্য র্যালী অনুষ্ঠিত হয়। র্যালী শেষে বিশ্ববিদ্যালয়ের কীর্তনখোলা অডিটোরিয়ামে দিবসটির তাৎপর্য তুলে ধরে সকাল ১১ ঘটিকায় আলোচনা সভা অনুষ্ঠিত হয়। বিভাগের সভাপতি তাসনুভা হাবিব জিসানের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক। বিশেষ অতিথি ছিলেন ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান। প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য মহোদয় সকলকে বসন্তের শুভেচ্ছা জানিয়ে বলেন, জ্ঞান আহরণের জন্য সকল বিষয়ই ভালো, আমরা জ্ঞান আহরণ করছি নিজেকে উন্নত করার জন্য। তাই তোমাদেরকে তোমাদের আচার-আচরণ, ব্যবহার ও কথা-বার্তায় এমন ভাব ফুটিয়ে তুলতে হবে যাতে বোঝা যায় তোমার বিশ্ববিদ্যালয়ের ছাত্র। বিভিন্ন আঞ্চলিক বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে বরিশাল বিশ্ববিদ্যালয়ের অবস্থান শীর্ষে। এটা তোমাদের জন্য গর্বের। আমি ইতোমধ্যে তোমাদের এ বিশ্ববিদ্যালয়কে “ধূমপান মুক্ত, মাদক মুক্ত ও রাজাকার মুক্ত” বিশ্ববিদ্যালয় হিসেবে ঘোষণা করেছি। আগামীতে বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় ভর্তিচ্ছন্দের জন্য ডোপ টেস্টের ব্যবস্থা থাকবে। উপাচার্য মহোদয় মাদকের বিরুদ্ধে সবাইকে স্বোচ্ছার হওয়ার আহরণ জানিয়ে বলেন, মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনা মাদকের বিরুদ্ধে যে জিরো টলারেন্স ঘোষণা করেছেন তা বাস্তবায়ন করতে হলে আমাদেরকে যার যার অবস্থান থেকে কাজ করতে হবে। তাহলেই এ দেশকে মাদকমুক্ত করা সম্ভব। অনুষ্ঠানে লোক প্রশাসন বিভাগের শিক্ষকমন্ডলী ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠান শেষে উপাচার্য মহোদয় বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু হলের গেস্টরুম নির্মান কার্যক্রমের উদ্বোধন করেন। এসময় বঙ্গবন্ধু হলের প্রভোস্ট সিএসই বিভাগের চেয়ারম্যান রাহাত হোসাইন ফয়সাল, টিএসসির পরিচালক ড. খোরশেদ আলম, নির্বাহী প্রকৌশলী মুরশীদ আবেদীনসহ হল প্রশাসনের উর্ধ্বতনরা উপস্থিত ছিলেন। এদিকে দুপুরে উপাচার্য মহোদয়ের কক্ষে “বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাষ্ট)” এবং “বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগ” এর মধ্যে এক চুক্তি স্বাক্ষরিত হয়। অনুষ্ঠানে ব্লাষ্ট এবং আইন বিভাগ বরিশাল বিশ্ববিদ্যালয়ের উর্ধ্বতনরা উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস